



ইসলামিক ফাউন্ডেশন

প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭



॥প্রেস বিজ্ঞপ্তি॥

করোনা ভাইরাস মহামারী আকার ধারণ করার প্রেক্ষাপটে ইসলামের
বিধি-বিধান অনুসরণের বিষয়ে দেশের বিশিষ্ট আলেমগণের আহ্বান

ঢাকা, বুধবার, ২৫ মার্চ ২০২০।

বিশ্বব্যাপি করোনাভাইরাস মহামারী আকার ধারণ করার প্রেক্ষাপটে বাংলাদেশের ঝুঁকিপূর্ণ পরিস্থিতি ও সরকারের করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে বিভিন্ন পদক্ষেপ গ্রহণের পরিপ্রেক্ষিতে দেশের বিশিষ্ট আলেম- আল-হাইআতুল উলয়া লিল জামি'আতিল কওমিয়া বাংলাদেশের কো-চেয়ারম্যান আল্লামা আব্দুল কুদ্দুস, মারকাযুত দাওয়ার শিক্ষাসচিব মুফতি মুহাম্মাদ আবদুল মালেক, শায়খ যাকারিয়া (র.) ইসলামিক রিসার্চ সেন্টারের মহাপরিচালক মুফতি মীযানুর রহমান সাদ্দেদ, জামেয়া ইসলামিয়া দারুল উলুমের মুহতামিম মুফতি দিলাওয়ার হোসাইন, ঢাকা নেছারিয়া কামিল মাদ্রাসার প্রিন্সিপাল ড. আল্লামা কাফীলুদ্দীন সরকার সালেহী, মদীনাতুল উলুম কামিল মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা আব্দুর রাজ্জাক আল আযহারী, জামেয়া রহমানিয়ার মুহতামিম মাওলানা মাহফুজুল হক, ইদারাতুল উলুম আফতাবনগর মাদ্রাসার মুহতামিম মুফতি মোহাম্মদ আলী, মহাখালী হোসাইনিয়া কামিল মাদ্রাসার প্রিন্সিপাল ড. নজরুল ইসলাম আল মারুফ, নারায়ণগঞ্জের ভূমিপল্লী আবাসন জামে মসজিদের খতিব শায়খ আহমাদুল্লাহ, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মাওলানা মিজানুর রহমান, ইসলামিক ফাউন্ডেশনের মুফতি মাওলানা মোহাম্মদ আব্দুল্লাহ, তেজগাঁও জামেয়া ইসলামিয়ার শায়খুল হাদিস ড. মাওলানা মুশতাক আহমদ, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম মুফতি মুহিবুল্লাহিল বাকী নদভী, পেশ ইমাম মাওলানা মহিউদ্দিন কাসেম, ইসলামিক ফাউন্ডেশনের মুহাদ্দিস মুফতি ওয়ালিয়ুর রহমান খান ও মুফাসসির ড. মাওলানা আবু ছালেহ পাটোয়ারী গতকাল (২৪ মার্চ) মঙ্গলবার সকালে ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ে মিলিত হয়ে পবিত্র কুরআন ও সুন্নাহর আলোকে মহামারী ও দুর্যোগকালীন সময়ে ইসলামের বিধি-বিধান অনুসরণের বিষয়ে জনগণের প্রতি নিম্নরূপ আহ্বান জানিয়েছেন:

(ক) করোনাভাইরাস সংক্রমণ রোধে এবং মানুষের ব্যাপক মৃত্যুঝুঁকি থেকে সুরক্ষার জরুরি পদক্ষেপ হিসেবে সব ধরনের জনসমাগম বন্ধের পাশাপাশি মসজিদসমূহে জুমআ ও জামাআতে সম্মানিত মুসল্লিগণের উপস্থিতি সীমিত রাখার আহ্বান জানিয়েছেন।

(খ) মসজিদ বন্ধ থাকবে না তবে করোনাভাইরাস সংক্রমণ হতে সুরক্ষা নিশ্চিত না হয়ে মসজিদে গমন করবেন না।

(গ) সরকার ও বিশেষজ্ঞগণ সতর্কতার জন্য যেসব নির্দেশনা প্রদান করছেন তা মেনে চলার জন্য জনগণকে অনুরোধ জানানো হয়েছে।

(ঘ) সবাইকে অপরাধমূলক কাজকর্ম থেকে বিরত হয়ে ব্যক্তিগতভাবে তওবা, ইস্তিগফার ও কুরআন তিলাওয়াত অব্যাহত রাখারও আহ্বান জানানো হয়।

আনিশ মুহম্মদ
মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ইসলামিক ফাউন্ডেশন
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়